দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 17 MAY 2016 ...
পৃষ্ঠা ... ২ ৫ ... কলাম ... ২ ...

# শ্লীলতাহানির অভিযোগ ॥ প্রধান শিক্ষককে গণপিটুনি

**স্টাফ রিপোর্টার, বাগেরহাট ॥** মোরেলগঞ্জের বারইখালী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসমাইল হোসেনকে গণপিটুনি দিয়ে পুলিশে সোপর্দ করেছে এলাকাবাসী। সহকারী শিক্ষকাকে কুপ্রস্তাব ও শ্লীলতাহানির অভিযোগে সোমবার দুপুর ১টার দিকে স্থানীয় জনগণ ও অভিভাবকরা তাকে গণপিটুনি দিয়ে একটি কক্ষে তালাবদ্ধ করে রাখে। খবর পেয়ে পুলিশ দুপুর আড়াইটার দিকে ঘটনাস্থলে গেলে স্থানীয়রা তকে পুলিশে সোপর্দ করে। ঘটনার শিকার সহকারী শিক্ষিকা জানান, রবিবার বিকেল সাড়ে ৩টার দিকে অফিসিয়াল কিছু কাজ করার জন্য তাকে অনুরোধ করেন প্রধান শিক্ষক ইসমাইল হোসেন। ওই কাজ করার সময় প্রধান শিক্ষক তাকে কুপ্রস্তাব দেন। এতে রাজি না হওয়ায় জোরপূর্বক তাকে জড়িয়ে ধরেন। এ সময় ওই শিক্ষিকা চিৎকার দিয়ে দৌড়ে মাঠের মধ্যে চলে গেলে স্থানীয়রা ঘটনাটি জানতে পারে। এ সময় বিদ্যালয়ে অন্য কোন শিক্ষক ও ছাত্রছাত্রী ছিল না। এ ঘটনার জের ধরে সোমবার অভিভাবকরা ওই প্রধান শিক্ষককে মারধর করে একটি কক্ষে আটক করে রাখে এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বিদ্যালয় এলাকায় মিছিল করে। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার মোঃ আনিসুর রহমান বলেন, সহকারী শিক্ষিকার সঙ্গে অসদাচরণ ও এলাকায় পূর্বের ঝামেলা থাকায় উদ্ভুত পরিস্থিতির সৃষ্টি হয়েছে। তবে এ অভিযোগ মিথ্যা দাবি করে প্রধান শিক্ষক ইসমাইল হোসেন বলেন, এটা ষড়যন্ত্র।